

শাশ্বতী ঘোষ (জ. ১৯৬০) সিটি কলেজের অর্থনীতির অধ্যাপক। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে জরুরি অবস্থা-উত্তর সময়ে তৃতীয় ধারার ছাত্র সংগঠন ডিএসএফ-এর প্রতিষ্ঠাতা সদস্য। ছাত্র সংগঠন ছাত্রীদের যথাযথ গুরুত্ব দেয় না এই ভাবনা থেকে নারীবিষয়ক পড়াশুনা শুরু। নিজের ও বন্ধুবান্ধবের বই, পত্র-পত্রিকা একত্র করে পূর্ব ভারতে প্রথম নারীবিষয়ক তথ্যকেন্দ্র তৈরি করেন। ১৯৮৩ সালে নারী নির্যাতন প্রতিরোধ মঞ্চের প্রতিষ্ঠাতা সদস্য, যে সংগঠন মেয়েদের বিরুদ্ধে রাষ্ট্রীয় হিংসার নিরন্তর প্রতিবাদ করে গেছে। বেজিং নারী সম্মেলন-উত্তর মেয়েদের জোট ‘মৈত্রী’-র প্রতিষ্ঠাতা সদস্য। সর্বভারতীয় সংগঠন ‘যৌননিপীড়ন ও রাষ্ট্রীয় হিংসার বিরুদ্ধে নারী’-র সদস্য।

নারী, উন্নয়ন ও অধিকার— এই তিনের সংযোগে লেখালিখি জনপ্রিয় মাধ্যম ও গবেষণার স্তরে। মেয়েদের জীবনযাত্রার মান, বিশেষত পিছিয়ে-পড়া গোষ্ঠীর মেয়েদের যাপন ও তার মাপকাঠি নিয়ে অনুসন্ধানে রত। বাংলার বিভিন্ন দৈনিক, সাময়িকী ও প্রবন্ধ-পত্রিকায় গত তিন দশক ধরে লিখে আসছেন। টেলিভিশন আলোচনায় একজন পরিচিত ব্যক্তিত্ব। মেয়েদের অধিকার নিয়ে লেখালিখির জন্যে বাংলায় পূর্বাঞ্চলীয় লাডলী মিডিয়া পুরস্কারে সম্মানিত।

ISBN 978-93-93472-20-5
মূল্য ৩৫০ টাকা

আমাদের গ্রামের মেয়েরা কি শিক্ষা আর পারিবারিক আয় যথেষ্ট থাকলে কাজে যোগদানের ‘ইউ’ রেখায় চেপে স্বেচ্ছায় নিচে নেমে আসছেন? মেয়েরা ঘরের চার দেয়ালে বন্দি হয়ে গেলে সমাজে পুরুষ আধিপত্যের দাপট যে বাড়ে তা অনস্বীকার্য, আরও বাড়তে পারে জাতপাত, ধর্মীয় সংকীর্ণতার পরিবেশ। মায়েরাই শিশুর শিক্ষক, ফলে আশঙ্কার ক্ষেত্রটিও বিস্তৃত হয়। আপাতত এই সমস্যাকে মেনে নিয়েই কি আমাদের পরবর্তী অধ্যায়ের জন্য অপেক্ষা করতে হবে?

ISBN 978-93-93472-20-5
9 789393 472205

অনুষ্টুপ

ভারতীয় সমাজ ও নারীশ্রম
ঘরে বাইরে দেশে
শাশ্বতী ঘোষ
অনুষ্টুপ

শাশ্বতী ঘোষ

# ভারতীয় সমাজ ও নারীশ্রম

## ঘরে বাইরে দেশে



সব মেয়েরাই কর্মী মেয়ে, তিনি ‘কর্মী’-র সংজ্ঞায় পড়ুন বা না পড়ুন, তাঁর স্বাধীন উপার্জন থাকুক বা না থাকুক। মেয়েদের মুক্তির সঙ্গে অর্থকরী শ্রমে যোগদানের একটা সহজ সমীকরণ বেশিদিন টেকেনি, মুক্তি মোটেও এত সহজে আসে না। তার গতি বেশ বক্র। আর শ্রম মানে শুধু অর্থকরী শ্রম সেটাও ঠিক নয়। আমাদের মতো দেশে মেয়েদের বহু ধরনের শ্রম সরাসরি অর্থকরী না হলেও সংসারের সাশ্রয় করে, প্রত্যক্ষভাবে না হলেও পরোক্ষভাবে মেয়েদের সেই শ্রম পরিবারের বাস্তব আয়কে বাড়াচ্ছে। একটি মেয়ে উচ্চবর্ণ না নিম্নবর্ণ, তফসিলি জাতি না জনজাতি, পাহাড়ে থাকেন না সমতলে, শহরে থাকেন না গ্রামে, উপদ্রুত এলাকায় থাকেন কিনা, সংখ্যালঘু না সংখ্যাগুরু সম্প্রদায়, দারিদ্রসীমার উপরে না নিচে তাঁর পরিবার, বিবাহিতা না একলা, বিষমকামী না সমকামী, এমনকি কী রাজনীতি করেন— এইরকম অনেক মাত্রার উপরে মেয়েটির কাজের বাজারের সুযোগ নির্ভর করবে। সামাজিক ও অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে যুক্ত হয়েছে আরও অনেক ধরনের নূতন মাত্রা। গত তিন দশকে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত মেয়েদের কাজ নিয়ে শাশ্বতী ঘোষের বিস্তৃত ও গভীর চর্চার সংকলন এই বই।